


# প্লট বরাদ্দের নীতিমালা






- আগে আসলে আগে পাবেন ভিত্তিতে এবং প্লট খালি থাকা সাপেক্ষে গ্রাহক তার পছন্দনীয় প্লট বুকিং দিতে পারবেন।
- কোম্পানীর নির্ধারিত আবেদন পত্রের সহিত ৩ (তিন) কপি ছবি, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি অথবা পাসপোর্ট এর ফটোকপি (প্রবাসীদের ক্ষেত্রে) ও নমিনীর ২ (দুই) কপি ছবি সহ প্লটের জন্য আবেদন করতে হবে।
- বুকিং মানি কাঠা প্রতি ২০,০০০/= (বিশ হাজার টাকা) ডাউন পেমেন্ট মোট মূল্যের ১০% এবং অবশিষ্ট টাকা ১২/২৪ অথবা ৩৬ টি সমান কিস্তিতে পরিশোধযোগ্য।
- এককালীন মূল্য পরিশোধের ক্ষেত্রে সম্পূর্ণ টাকা পরিশোধ করার পর ৩ দিনের মধ্যে সাব-কবলা রেজিস্ট্রি করে দেয়া হবে এবং কিস্তির ক্ষেত্রে ৩০% মূল্য পরিশোধ করার পর ৩০০ (তিনশত) টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্পে কোম্পানীর সাথে আবেদনকারীর চুক্তিনামা সম্পন্ন হবে।
- কোন ক্রেতা প্লট বুকিং দেওয়ার পর তা বাতিল করতে চাইলে কর্তৃপক্ষ বরাবর কোম্পানীর নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। কর্তৃপক্ষ ১০% সার্ভিস চার্জ কর্তন করার পর অবশিষ্ট টাকা আলোচনা সাপেক্ষে ফেরৎ দিবেন। তবে গ্রাহক হইতে কোম্পানী কর্তৃক সমুদয় টাকা গ্রহনের সমপরিমান কিস্তিতে ফেরৎ দিবেন এবং অন্যত্র এই প্লটটি বিক্রয় সাপেক্ষে।
- বিক্রিত প্লটের নীট জমি স্থানীয় মাপ অনুযায়ী (১.৫০ শতকে এক কাঠা) ক্রেতা পাবেন। রাস্তা ঘাটের জন্য প্রয়োজনীয় জমি কোম্পানীর জমি থেকে বরাদ্দ দেয়া হবে। ।
- পরপর তিন কিস্তি বকেয়া হলে কর্তৃপক্ষ এক মাসের নোটিশে প্লটের বরাদ্দ বাতিল করতে পারবেন।
- মালিকানা পরিবর্তনের ক্ষেত্রে কাঠা প্রতি ৫০,০০০/= (পঞ্চাশ হাজার) টাকা হারে রিপ্লেসমেন্ট চার্জ প্রযোজ্য হবে। এ ক্ষেত্রে সমুদয় বকেয়া টাকা পরিশোধ করতে হবে।
- যৌথ মালিকানা বা প্রতিষ্ঠানের নামে প্লট বুকিং দেওয়া যাবে।
- প্রকল্পে পানি, বিদ্যুৎ, গ্যাস ইত্যাদি কোম্পানী নিজ দায়িত্বে মূল সড়ক পর্যন্ত পৌছে দিবে। যার ব্যয় বাবদ কোম্পানী কর্তৃক নির্ধারিত ইউটিলিটি চার্জ (কাঠা প্রতি) আবেদনকারী বহন করবেন। এছাড়া প্লট রেজিস্ট্রি, ট্রান্সফারের জন্য দলিলের ডিউটি, রেজিস্ট্রি ফি, ভ্যাট, ডকুমেন্টারী তৈরী, নামজারি ও মাটি ভরাটের খরচ ক্রেতা বহন করবেন।
- গ্রাহকদের নামে বরাদ্দকৃত নির্দিষ্ট প্লট কেবল মাত্র নির্ধারিত উদ্দেশ্যেই ব্যবহার করতে হবে । প্লটে সকল ধরনের উন্নয়ন কর্ম সরকারী নীতিমালা অনুসারে সম্পন্ন করতে হবে।
- বালু ভরাটসহ প্লট প্রস্তুত করার পূর্বে যদি কোন গ্রাহক প্লটের সম্পূর্ন টাকা পরিশোধ করে জমির সাব কাবলা রেজিস্ট্রেশন করে নেন, পরবর্তীতে প্লট আকারে প্রস্তুত হওয়ার পর, রেজিস্ট্রেশন নেওয়ার জমির ও গ্রাহকের নামে বুকিং করা প্রস্তুতকৃত প্লটের সাথে গ্রাহক নিজ খরচে বিনিময় দলিল করতে হবে।
- প্লটে জমির পরিমান হ্রাস-বৃদ্ধি বা অবস্থান পরিবর্তন করতে হলে সাব-কবলা রেজিস্ট্রেশনের সময় মূল্য সমন্বয় করতে হবে।
- প্রাকৃতিক দূর্যোগ, রাজনৈতিক অস্থিরতা অথবা সরকারী কোন সিদ্ধান্তের কারনে প্লট হস্তান্তরে সাময়িক বিলম্ব হলে গ্রাহককে প্রকল্পের বৃহত্তর স্বার্থে তা মেনে নিতে হবে। প্রকল্পের ডিজাইন, লে-আউট পরিবর্তন তথা প্রকল্প বাস্তবায়নের সুবিধার্থে কর্তৃপক্ষ যে কোন সিদ্ধান্তে পরিবর্তন বা পরিবর্ধনের অধিকার সংরক্ষণ করেন।

